



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৬০

প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে

স্থানীয় পত্রিকার সম্পাদক ও সাংবাদিক নেতৃবৃন্দের সাথে উপপ্রেস সচিবের মতবিনিময়

রাজশাহী; ৫ মাঘ (১৯ জানুয়ারি):

আগামী ২৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজশাহী আগমন উপলক্ষে আজ বৃহস্পতিবার (১৯ জানুয়ারি) রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসে স্থানীয় পত্রিকার সম্পাদক ও সাংবাদিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেছেন প্রধানমন্ত্রী কার্যালয়ের উপপ্রেস সচিব হাসান জাহিদ তুসার।

মতবিনিময় সভায় উপপ্রেস সচিব সাংবাদিকদের কাছ থেকে বিভিন্ন পরামর্শ শুনেন এবং প্রধানমন্ত্রীর জনসভায় সাংবাদিকদের মিডিয়া কভারেজের জন্য প্রয়োজনীয় সুবিধাদি নিশ্চিতকরণের আশ্বাস প্রদান করেন।

এ মতবিনিময় সভায় আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামানসহ স্থানীয় দৈনিক পত্রিকার সম্পাদক ও সাংবাদিক নেতারা উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/ ২০২৩/১৫.১৫ঘ.